# Important Current Affairs MCQ – Practice Set

## Answers with Explanation

1. (a) ২০২৫ সালের ১১ ফেব্রুয়ারি 'ইন্টারন্যাশনাল ডে অফ উইমেন অ্যান্ড গার্লস ইন সায়েন্স'-এর ১০তম বার্ষিকী উপলক্ষ্যে ইউনেস্কো, কানাডার ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট রিসার্চ সেন্টার (IDRC)-এর সহযোগিতায় 'Imagine a World with More Women in Science' প্রচারাভিযান চালু করেছে।

2. (c) ২০ ফেব্রুয়ারি Paytm সংস্থা ব্যবসায়ীদের জন্য ভারতের প্রথম সৌরশক্তিচালিত পেমেন্ট সাউন্ডবক্স Paytm Solar Soundbox চালু করেছে। এই ডিভাইসটি ব্যবহার করে ব্যবসায়ীরা অনিয়মিত বিদ্যুৎ পরিষেবাযুক্ত স্থানেও QR কোড ব্যবহার করে UPI এবং RuPay ক্রেডিট কার্ডের পেমেন্ট গ্রহণ করতে পারবে।

3. (b) ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসে প্রকাশিত Moody's 'APAC Outlook : Chaos Ahead' রিপোর্ট অনুযায়ী ২০২৫ সালে ভারতের জিডিপি ২০২৪ সালের ৬.৬% থেকে হ্রাস পেয়ে ৬.৪% হবে।

4. (b) সম্প্রতি ১৯৯০ ব্যাচের IAS অফিসার অনুরাগ রাস্তোগি হরিয়ানার মুখ্যসচিব হিসেবে নিযুক্ত হলেন। তিনি বিবেক যোশীর স্থলাভিষিক্ত হয়েছেন। এই পদের পাশাপাশি তিনি অর্থ ও পরিকল্পনা বিভাগের অতিরিক্ত দায়িত্বভারও পালন করবেন।

5. (c) ২২ ফেব্রুয়ারি, ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন, মধ্যপ্রদেশের ডাটিয়া/দাতিয়া এয়ারপোর্টকে রাজ্যটির ৮তম পাবলিক এয়ারপোর্ট হিসেবে অনুমোদন দিয়েছে। এটি 3C/VFR বিভাগের অধীনে এই শংসাপত্র প্রদান করা হয়েছে।

6. (b) সম্প্রতি কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রকের অধীনস্থ 'Desh Ka Prakriti Parikshan Abhiyaan' ৫টি গিনেস ওয়ার্ল্ড রেকর্ড তৈরি করেছে। এটি ২০২৪ সালের ২৯ অক্টোবর, 'আয়ুর্বেদ দিবস'-এ চালু হয়েছিল। এটির লক্ষ্য হল মানুষকে আয়ুর্বেদের প্রকৃতি সম্পর্কে অবগত করা।

7. (b) ১৮ থেকে ২০ ফেব্রুয়ারি ভারত ও বাংলাদেশের মধ্যে ৫৫তম ডিরেক্টর জেনারেল পর্যায়ের (level) বৈঠকের সময় দুটি দেশ সীমান্ত বাহিনীদের মধ্যে যোগাযোগ উন্নত করার জন্য একটি নতুন 'hotline' চালু করতে সম্মত হয়েছে। এই 'hotline'-টি বিএসএফ-এর ইস্টার্ন কম্যান্ডের (কলকাতা) অতিরিক্ত দায়িত্বভার প্রাপ্ত ডিরেক্টর জেনারেল এবং ঢাকাতে তার বিজিবি প্রতিপক্ষের মধ্যে স্থাপিত হবে।

8. (a) সম্প্রতি ইন্ডাসইন্ড ব্যাঙ্ক, প্রফেশনাল গলফ ট্যুর অফ ইন্ডিয়া (PGTI)-র সঙ্গে তার অফিসিয়াল ব্যাঙ্কিং পার্টনার হিসেবে চুক্তিবদ্ধ হয়েছে, যার লক্ষ্য হল PIONEER ব্যাঙ্কিং প্রোগ্রামের অধীনে আল্ট্রা হাই নেট ওয়ার্থ ইনডিভিজ্যুয়ালস এবং হাই নেট ওয়ার্থ ইনডিভিজ্যুয়ালদের অনন্য ব্যাঙ্কিং অভিজ্ঞতা প্রদান করা।

9. (b) ২২ ফেব্রুয়ারি ভারতী এন্টারপ্রাইজের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান সুনীল ভারতী মিত্তলকে যুক্তরাজ্য ও ভারতের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক উন্নত করার স্বীকৃতিস্বরূপ রাজা তৃতীয় চার্লস কর্তৃক Knight Commander of the Most Excellent Order of the British Empire (KBE) দ্বারা ভূষিত করা হয়েছে। তিনি প্রথম ভারতীয় হিসেবে এই সম্মানজনক উপাধি লাভ করেছেন।

10. (d) ২২ ফেব্রুয়ারি পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত বিখ্যাত ওডিশি নৃত্যশিল্পী মায়াধর রাউত প্রয়াত হয়েছেন। তাঁকে 'ওডিশি নৃত্যের জনক' হিসেবে অভিহিত করা হতো। ২০১০ সালে তিনি ভারত সরকার কর্তৃক 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছিলেন।

11. (d) সম্প্রতি ভারতীয় নৌবাহিনী পরিত্যক্ত নৌজাহাজ আইএনএস গুলদারকে ভারতের প্রথম আন্ডার ওয়াটার মিউজিয়াম এবং আর্টিফিসিয়াল রিফ হিসেবে রূপান্তরিত করার জন্য মহারাষ্ট্র ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডকে হস্তান্তরিত করেছে।

12. (c) সম্প্রতি সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক তার নতুন গ্রাহকদের জন্য একটি সম্পূর্ণরূপে ডিজিটাল পার্সোনাল লোন প্ল্যাটফর্ম, SIB Quick PL' চালু করেছে। এটি একটি পেপার প্রসেস যার মাধ্যমে ঋণ গ্রহীতারা ডিজিটালভাবে ব্যক্তিগত ঋণের জন্য আবেদন করতে পারবে এবং ১০ মিনিটের মধ্যে সেই ঋণটি তারা পেতেও পারে।

13. (d) সম্প্রতি RBI ২৪-২৮ ফেব্রুয়ারি, ২০২৫ 'ফিন্যান্সিয়াল লিটারেসি উইক' চালু করল। এটির এবছরের থিম হল—'Financial Literacy Women's Prosperity'। ২০১৬ সালে আরবিআই এই উদ্যোগটি গ্রহণ করেছিল।

14. (a) সম্প্রতি ভারতের প্রথম হাইপার লুপ টেস্ট ট্র্যাকের উন্মোচন করল আইআইটি মাদ্রাজ। এই ৪২২ মিটার দীর্ঘ ট্র্যাকটি রেল মন্ত্রকের সহযোগিতায় আইআইটি মাদ্রাজ তৈরি করেছে।

15. (b) ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসে ওডিশা এফসিকে পরাজিত করে মোহনবাগান সুপার জায়েন্ট ২০২৪-২৫ আইএসএল শিল্ড খেতাব জিতেছে। তারা ১-০ ব্যবধানে এই খেলায় জয়লাভ করেছে।

16. (b) ২৭ ফেব্রুয়ারি স্পেসএক্স, ২০২৫ সালের এটির তৃতীয় চন্দ্রাভিযান 'Intuitive Machines (IM-2)' Athena

ল্যান্ডারের মাধ্যমে Falcon-9 রকেট দ্বারা সফলভাবে উৎক্ষেপণ করেছে। এই ১৫ ফুট দীর্ঘ ল্যান্ডারটি ৬ মার্চ চাঁদের দক্ষিণ মেরু থেকে ১৬০ কিলোমিটার দূরে মনস মাউটনে অবতরণ করবে বলে আশা করা হচ্ছে।

17. (d) ২৭ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড এনজিও ডে’ পালিত হল। এই দিবসের এবছরের থিম হল— ‘Empowering Grassroots Movements for a Sustainable Future’। ২০১৪ সালে প্রথম এই দিবসটি পালিত হয়েছিল।

18. (a) ২৭ ফেব্রুয়ারি তুহিন কান্ত পাণ্ডে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ার ১১তম চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়েছেন। তিনি মাধবী পুরি বাচের স্থলাভিষিক্ত হয়েছেন, যার মেয়াদের সময়সীমা শেষ হয়েছে ১ মার্চ, ২০২৫ তারিখে।

19. (c) দাবা গ্র্যান্ডমাস্টার বোরিস স্প্যাসকি যিনি সম্প্রতি প্রয়াত হয়েছেন, তিনি রাশিয়ার বাসিন্দা ছিলেন। ১৯৬৯ সালে তিনি ১০তম বিশ্বদাবা চ্যাম্পিয়ন হয়েছিলেন এবং ১৯৭২ সাল পর্যন্ত তিনি এই খেতাবের অধিকারী ছিলেন।

20. (a) ‘রমন এফেক্ট’ আবিষ্কারের স্মরণে ২৮ ফেব্রুয়ারি সারা দেশজুড়ে ‘ন্যাশনাল সায়েন্স ডে’ পালিত হল। ১৯২৮ সালে বিখ্যাত ভারতীয় পদার্থবিদ সি ভি রমন ‘রমন এফেক্ট’ আবিষ্কার করেছিলেন। এই দিবসের এবছরের থিম হল— ‘Empowering Indian Youth for Global Leadership in Science & Innovation for Viksit Bharat’.

21. (a) ২৭-২৮ ফেব্রুয়ারি উরজুলা ভন ডের লিয়েন যিনি ভারত সফরে এসেছেন, তিনি ইউরোপীয়ান কমিশনের প্রেসিডেন্ট। এটি ইউরোপীয় মহাদেশের বাইরে কলেজ অফ কমিশনার্সদের প্রথম সফর এবং ভারত ও ইউরোপীয় কমিশনের দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিহাসে প্রথম সফর।

22. (c) ২৪-২৮ ফেব্রুয়ারি ভারতীয় বিমান বাহিনী রাজস্থানের যোধপুরে এয়ারফোর্স স্টেশনে ‘Desert Hunt 2025’ পরিচালনা করল। এই মহড়াতে ভারতীয় নৌবাহিনী, ভারতীয় সেনাবাহিনী ও ভারতীয় বিমানবাহিনীর সম্মিলিত স্পেশাল ফোর্সেস ইউনিট অংশগ্রহণ করেছিল।

23. (b) মিজোরাম রাজ্য উত্তর-পূর্ব ভারতের প্রথম ‘Women Entrepreneurship Platform’ (WEP) চালু করল। এই প্ল্যাটফর্মটির উদ্দেশ্য হল মহিলা উদ্যোক্তাদের অংশগ্রহণ বৃদ্ধি করা, মিজোরামে অর্থনৈতিক সমৃদ্ধি এবং ‘Viksit Bharat@2047’-র কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করা।

24. (d) সিটি ইউনিয়ন ব্যাঙ্ক, ক্রিকেটপ্রেমীদের জন্য একটি নতুন কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করতে চেন্নাই সুপার কিংসের জন্য অংশীদারিত্ব করেছে।

25. (c) ২৪-২৫ ফেব্রুয়ারি মধ্যপ্রদেশের ভোপালে ৮তম গ্লোবাল ইনভেস্টরস সামিট-২০২৫ অনুষ্ঠিত হল। মধ্যপ্রদেশ সরকারের ডিপার্টমেন্ট অফ ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড ইনভেস্টমেন্ট প্রোমোশন এই সামিটিটির আয়োজন করেছিল।

26. (a) ৯৭তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস-এ সেরা অভিনেতা হিসেবে ভূষিত হয়েছেন অ্যাড্রিয়েন ব্রডি। তিনি ‘দ্য ব্রুটালিস্ট’ চলচ্চিত্রের জন্য এই পুরস্কারটিতে মনোনীত হয়েছেন। এর পূর্বে তিনি ২০০৩ সালে ‘দ্য পিয়ানিস্ট’ ছবির জন্য অস্কার পেয়েছিলেন।

27. (a) কেরল ক্রিকেট দলকে পরাজিত করে বিদর্ভ ক্রিকেট দল ২০২৪-২৫ মরশুমের রনজি ট্রফি জিতেছে। এই নিয়ে তৃতীয়বার (পূর্বে ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯) বিদর্ভ দল এই শিরোপাটি জিতেছে।

28. (c) সম্প্রতি নোবেল পুরস্কারপ্রাপ্ত কৈলাশ সত্যার্থীর আত্মজীবনীমূলক গ্রন্থ ‘Diyasalai’ প্রকাশিত হয়েছে। শিশুদের শোষণ থেকে মুক্ত করার ক্ষেত্রে তাঁর আজীবন সংগ্রামের জন্য ২০১৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছিলেন।

29. (d) ৩ মার্চ সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ডে’ পালিত হল। এই দিবসের এবছরের থিম হল— ‘Wildlife Conservation Finance : Investing in People and Planet’। ২০১৪ সালে প্রথম এই দিবসটি পালিত হয়েছিল।

30. (b) সম্প্রতি আসাম সরকার আনুষ্ঠানিকভাবে ‘চিরাং-রিপু এলিফ্যান্ট রিজার্ভ’কে রাজ্যের অষ্টম ন্যাশনাল পার্ক হিসেবে ঘোষণা করেছে এবং এর নতুন নামকরণ করেছে ‘শিখনা জোওলাও ন্যাশনাল পার্ক’।

31. (b) সম্প্রতি ‘Rupee112’ ফিনটেক স্টার্টআপ হোয়াটসঅ্যাপের মাধ্যমে ভারতের প্রথম সম্পূর্ণরূপে স্বয়ংচালিত ঋণ-বিতরণ (লোন ডিসবারসাল) পরিষেবা চালু করেছে।

32. (d) ৩৮তম কানস ইন্টারন্যাশনাল ওপেন চেস টুর্নামেন্ট-এ ভারতীয় গ্র্যান্ডমাস্টার বিজয়ী হয়েছেন পনিরসেলভাম (পা) ইনিয়ান। তিনি তাঁর প্রতিপক্ষ ভি প্রনেশকে পরাজিত করে ৭.৫ স্কোর করে এই খেতাব জয়লাভ করেছেন।

33. (b) সম্প্রতি সুরাটের কোসাম্বাতে গোল্ডি সোলার প্রাইভেট লিমিটেড কর্তৃক ভারতের প্রথম AI নির্ভর কৃত্রিম বুদ্ধিমত্তা ক্ষমতাসম্পন্ন সোলার ম্যানুফ্যাকচারিং লাইনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তিমন্ত্রী প্রহ্লাদ জোশী।

34. (c) সম্প্রতি ২০২৫ সালের ‘প্রিৎজকার আর্কিটেকচার প্রাইজ’-এ ভূষিত হয়েছেন লিউ জিয়াকুন। তিনি দ্বিতীয় চীনা স্থপতি হিসেবে এই পুরস্কার লাভ করেছেন।

35. (a) নোকিয়া, মহাকাশ গবেষণা সংস্থা NASA -র সঙ্গে যৌথ উদ্যোগে Intuitive Machines (IM)-2 মিশনের অংশ হিসেবে চাঁদে প্রথম মোবাইল নেটওয়ার্ক সফলভাবে স্থাপন করেছে।

36. (c) ২০২৫ সালের ৪ মার্চ পালিত হল ‘জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া’র ১৭৫তম প্রতিষ্ঠা দিবস। কলকাতায় এটির

সদর দপ্তরে এক অনুষ্ঠানে জিএসআই-এর ১৭৫ বছরের যাত্রাকে সম্মানিত করার জন্য কেন্দ্রীয় মন্ত্রী জি কিষান রেড্ডি স্মারক ফলক এবং একটি স্পেশাল পোস্টাল কভার উন্মোচন করেছেন।

37. (d) সম্প্রতি Knight Frank দ্বারা প্রকাশিত 'The Wealth Report 2025' অনুযায়ী ভারত ৪তম স্থানে রয়েছে।

38. (a) সম্প্রতি আর্নস্ট অ্যান্ড ইয়ং 'Entrepreneur of the Year 2024' খেতাবে ভূষিত হয়েছেন নীতিন কামাথ। তিনি বেঙ্গালুরুতে অবস্থিত জেরোডা সংস্থার প্রতিষ্ঠাতা এবং চিফ এগজিকিউটিভ অফিসার।

39. (b) সম্প্রতি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে নিযুক্ত হয়েছেন অজিত রত্নাকর যোশী। ৩ মার্চ থেকে তাঁর কার্যকালের মেয়াদ শুরু হবে। তিনি 'Department of Statistics and Information Management and Financial Stability Department -এর দায়িত্বভার গ্রহণ করেছেন।

40. (a) সম্প্রতি অবসরপ্রাপ্ত টেবিল টেনিস খেলোয়াড় অচন্ত্য শরথ কমল ২০১৯ সালে 'পদ্মশ্রী' পুরস্কারে ভূষিত হয়েছিলেন। অবসরের পূর্বে ২৫ মার্চ থেকে অনুষ্ঠিত ওয়ার্ল্ড টেবিল টেনিস স্টার কন্টেন্ডার প্রতিযোগিতাই তাঁর ক্রীড়াজীবনের শেষ প্রতিযোগিতামূলক খেলা।

41. (d) সম্প্রতি এসবিআই লাইফ ইন্সিওরেন্স শিশুদের জন্য দুটি নতুন বিমা প্ল্যান 'Smart Future Star' ও 'Smart Platina Young Achiever' চালু করেছে।

42. (b) ফেডারেল ব্যাঙ্ক লিমিটেড ভারতীয় অভিনেত্রী বিদ্যা বালনকে ওই সংস্থার প্রথম ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে নিযুক্ত করেছে।

43. (c) সম্প্রতি অসম সরকার রাজ্যের মোরিগাও জেলায় অবস্থিত 'জাগিরোড ইলেকট্রনিক সিটি'-কে 'রতন টাটা ইলেকট্রনিক সিটি' নামে নতুন নামকরণ করেছে।

44. (b) ৭ মার্চ ভারতের প্রতিরক্ষা সংস্থা ভারতীয় সেনাবাহিনীর T-72 ট্যাঙ্কগুলির জন্য ১০০০ অশ্বক্ষমতাসম্পন্ন ইঞ্জিন ক্রয় করতে রাশিয়ার সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

45. (c) সম্প্রতি ইউনেস্কোর 'দ্য ওয়ার্ল্ড অ্যাকাডেমি অফ সায়েন্সেস' (TWAS) পুরস্কার বিজয়ী সুমন চক্রবর্তী আইআইটি খড়গপুরের অধ্যাপক। বর্তমানে তিনি ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির একজন ভিজিটিং লেকচারার।

46. (b) ১৭ মার্চ ভারত সরকার বিকাশ কৌশলকে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড (HPCL)-এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসেবে নিযুক্ত করেছে। তিনি এই পদে রজনীশ নারাঙ্গ-এর স্থলাভিষিক্ত হয়েছেন।

47. (d) 'FIDE ওয়ার্ল্ড জুনিয়র অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ ২০২৫'-এ ছেলেদের বিভাগে জয়লাভ করেছেন ভারতীয় দাবাড়ু প্রণব ভেঙ্কটেশ। তিনি ১১ রাউন্ডে ৯ পয়েন্ট অর্জন করে এই খেতাব জিতেছেন।

48. (d) মধ্যপ্রদেশের 'মাধব ন্যাশনাল পার্ক' ভারতের ৫৮তম এবং মধ্যপ্রদেশের নবম ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র হিসেবে স্বীকৃতি লাভ করল।

49. (b) ২০২৫ সালের 'ব্র্যান্ড ফিন্যান্স ইন্সিওরেন্স ১০০' রিপোর্ট অনুযায়ী 'লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন অফ ইন্ডিয়া' বিশ্বের ক্ষমতাশালী বিমা সংস্থাগুলির মধ্যে তৃতীয় স্থানে রয়েছে। সামগ্রিক ব্র্যান্ড ভ্যালুর ভিত্তিতে এলআইসি 'মোস্ট ভ্যালুয়েবল ইন্সিওরেন্স' ব্র্যান্ডগুলির মধ্যে বিশ্বব্যাপী দ্বাদশ স্থান অর্জন করেছে।

50. (c) ২০২৫ সালের এশিয়ান উইমেন্স কবাডি চ্যাম্পিয়নশিপে ভারত ফাইনালে ইরানকে ৩২-২৫ ফলাফলে পরাজিত করে পঞ্চমবার এই খেতাব জিতেছে। এর পূর্বে ভারত ২০০৫, ২০০৭, ২০০৮ এবং ২০১৭ সালে এই খেতাব জিতেছে।

51. (b) ৯ মার্চ প্রখ্যাত শাস্ত্রীয় সঙ্গীতজ্ঞ গারিমেলা বালাকৃষ্ণ প্রসাদ প্রয়াত হয়েছেন। তিনি ২০২০ সালে 'সংগীত নাটক অ্যাকাডেমি পুরস্কার'-এ ভূষিত হয়েছিলেন।

52. (a) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সম্প্রতি পাঞ্জাব রাজ্য সরকার সহিংসতা থেকে নারীদের রক্ষার জন্য 'Project Hifazat' চালু করেছে। এই উদ্যোগটির লক্ষ্য হল পারিবারিক সহিংসতায় অভিযোগ জানানোর জন্য একটি উন্নত ব্যবস্থা গড়ে তোলা যেখানে ১৮১ হেল্পলাইন নম্বর সহজেই উপলব্ধ থাকবে।

53. (c) ৪ মার্চ সারা দেশজুড়ে 'ন্যাশনাল সিকিউরিটি ডে' পালিত হল। এই দিনটি 'রাষ্ট্রীয় সুরক্ষা দিবস' নামেও পরিচিত। ১৯৭২ সালে প্রথম এই দিনটি পালন করা হয়েছিল।

54. (d) ১০-২৩ মার্চ ভারত ও কিরগিজস্তানের মধ্যে যৌথ সামরিক মহড়া 'Khanjar-XII' অনুষ্ঠিত হল। এটি এই মহড়ার ১২তম সংস্করণ এবং এটি কিরগিজস্তানের টোকমক-এ সংগঠিত হয়েছে। এই মহড়াটি প্রথম হয়েছিল ২০১১ সালে।

55. (b) ভারত 'ইউনাইটেড নেশনস কমিশন অন নারকোটিক ড্রাগস'-এর ৬৮তম অধিবেশনে সভাপতিত্ব করেছে। এই প্রথম ভারত এই পদের দায়িত্ব পালন করেছে।

56. (d) ৯ মার্চ নিউজিল্যান্ডকে ৪ উইকেটে পরাজিত করে ভারত ২০২৫ সালের আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি টুর্নামেন্টে জয়লাভ করেছে। এই নিয়ে তৃতীয়বার ভারত এই খেতাব অর্জন করেছে। এর পূর্বে ২০০২ এবং ২০১৩ সালে ভারত চ্যাম্পিয়ন্স ট্রফি জয়লাভ করেছিল।

57. (a) সম্প্রতি কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে. পি. নাড্ডা ত্রিপুরার সমস্ত শিক্ষা পর্ষদ থেকে ১৪০ জন মেধাবী ছাত্রীদের স্কুটার প্রদানের জন্য 'মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনা'-র কথা ঘোষণা করেছে। এই স্কিমটির লক্ষ্য হল ত্রিপুরার মেয়েদের পড়াশোনায় আগ্রহী করে তোলা এবং আর্থিক সহায়তা প্রদান করা।

58. (b) সম্প্রতি প্রকাশিত 'World Air Quality Report-2024'-এ ভারত পঞ্চম স্থানে রয়েছে। প্রথম ৪টি দেশ হল যথাক্রমে– চাদ, বাংলাদেশ, পাকিস্তান এবং কঙ্গো।

59. (c) সম্প্রতি জয়শ্রী ভেঙ্কটেশন প্রথম ভারতীয় হিসেবে জলাভূমি সংরক্ষণের জন্য 'রামসার অ্যাওয়ার্ড'-এ ভূষিত হয়েছেন। তিনি চেন্নাইয়ের পালিকারানাই জলাভূমি সংরক্ষণের জন্য এই অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

60. (c) সম্প্রতি অতুল কুমার গোয়েল 'ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন' -এর চিফ এক্সিকিউটিভ হিসেবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে সুনীল মেহতার স্থলাভিষিক্ত হয়েছেন।

61. (a) সম্প্রতি জিও এবং এয়ারটেল ভারতে স্যাটেলাইট ইন্টারনেট পরিষেবা চালু করার জন্য এলন মাস্কের 'SpaceX' মহাকাশ গবেষণা সংস্থার স্টারলিঙ্ক ব্রডব্যান্ড ইন্টারনেটের সঙ্গে অংশীদারিত্ব করেছে।

62. (b) সম্প্রতি প্রকাশিত Moody's রেটিং অনুযায়ী ২০২৬ অর্থবর্ষে ভারতের জিডিপি ২০২৫ অর্থবর্ষে ৬.৩% থেকে বৃদ্ধি পেয়ে ৬.৫% হবে বলে অনুমান করা হয়েছে।

63. (d) সম্প্রতি প্রয়াত সৈয়দ আবিদ আলি ক্রিকেট খেলার সঙ্গে যুক্ত ছিলেন। তিনি ১৯৬৭-১৯৭৪ সাল পর্যন্ত ভারতের হয়ে ২৯টি টেস্ট ম্যাচ এবং ১৯৭৪-১৯৭৫ সাল পর্যন্ত ৫টি একদিবসীয় আন্তর্জাতিক ম্যাচে খেলেছেন।

64. (b) সম্প্রতি উত্তরপ্রদেশে উত্তর ভারতের বৃহত্তম ডেটা সেন্টার কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। এটি ১৩০ মেগাওয়াটের অধিক ক্ষমতাসম্পন্ন।

65. (b) বেঙ্গালুরুর ওয়াটার বোর্ড ভারতের প্রথম ওয়াটার বোর্ড হিসেবে BIS শংসাপত্র লাভ করেছে। ছয়মাস যথাযথ মূল্যায়নের পরে BIS এই শংসাপত্র প্রদান করেছে। এটি ২০২৫ সালের ৬ মার্চ থেকে ২০২৮ সালের ৫ মার্চ পর্যন্ত বৈধ।

66. (c) সম্প্রতি ৬টি ভারতীয় সাইট ইউনেস্কোর ২০২৫ সালের 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইটে'-র তালিকায় যুক্ত হয়েছে। এই ৬টি নতুন সাইট হল— ১. কাঙ্গের ভ্যালি ন্যাশনাল পার্ক (ছত্তিশগড়), ২. মুডুমাল মেগালিথিক মেনহিরস (তেলেঙ্গানা), ৩. মৌর্য রুট বরাবর অশোকা এডিক্ট সাইট (একাধিক রাজ্য), ৪. চৌষঠ যোগিনী মন্দির (একাধিক রাজ্য), ৫. উত্তর ভারতের গুপ্ত রাজাদের নির্মিত মন্দির (একাধিক রাজ্য), ৬. বুন্দেলাদের প্যালেস-ফোর্টরেসেস (মধ্যপ্রদেশ ও উত্তরপ্রদেশ)।

67. (a) মরগ্যান স্ট্যানলির রিপোর্ট অনুযায়ী, ভারত ২০২৮ সালের মধ্যে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে। ২০২৮ সালে ভারতের অর্থনীতি বৃদ্ধি পেয়ে ৫.৭ ট্রিলিয়ন মার্কিন ডলার হবে বলে অনুমান করা হচ্ছে।

68. (b) ১৪ মার্চ সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ডে অফ ম্যাথমেটিক্স' পালিত হল। ২০২০ সালে প্রথম এই দিনটি পালন করা হয়েছিল। ১৪ মার্চ দিনটি সারা বিশ্বে Pi ডে নামেও পরিচিত। এই দিবসের এবছরের থিম হল– 'Mathematics, Art and Creativity'।

69. (a) তরুণদের মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা দক্ষতা বৃদ্ধি করার জন্য অন্ধ্রপ্রদেশ সরকার মাইক্রোসফট-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে। এই মউটি অন্ধ্রপ্রদেশে ২ লক্ষ শিক্ষার্থী এবং তরুণদের এই দক্ষতা অর্জন করতে সহায়তা করবে।

70. (d) কানাডার ২৪তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন মার্ক জোসেফ কার্নে। তিনি ১৪ মার্চ থেকে এই পদের দায়িত্ব পালন করছেন এবং তিনি পূর্ববর্তী পদাধিকারী জাস্টি ট্রুডোর স্থলাভিষিক্ত হলেন।

71. (a) খেলো ইন্ডিয়া উইন্টার গেমস-২০২৫-এর ম্যাসকট হল— 'Snow Leopard'। ৯-১২ মার্চ জম্মু-কাশ্মীরের গুলমার্গে খেলো ইন্ডিয়া উইন্টার গেমসের দ্বিতীয় পর্যায় অনুষ্ঠিত হয়েছে।

72. (c) সম্প্রতি 'অস্ট্রেলিয়ান গ্র্যান্ড প্রিক্স– ২০২৫' এ বিজয়ী হলেন ব্রিটিশ যুক্তরাজ্যের ম্যাকলরেন ড্রাইভার ল্যান্ডো নরিস।

73. (c) ১৫ মার্চ সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড কনজিউমার রাইটস ডে' পালিত হয়েছে। ১৯৮৩ সালে প্রথম এই দিনটি পালন করা হয়েছিল। এই দিবসের এবছরের থিম হল– 'A Just Transition to Sustainable Lifestyles'।

74. (c) সম্প্রতি প্রয়াত পদ্মভূষণ পুরস্কারপ্রাপ্ত রামাকান্ত রথ ছিলেন ওড়িয়া ভাষার একজন বিখ্যাত কবি। তিনি ২০০৬ সালে সাহিত্যে অসামান্য অবদানের জন্য 'পদ্মভূষণ পুরস্কারে' ভূষিত হয়েছিলেন।

75. (a) ১৬ মার্চ সারা দেশজুড়ে 'ন্যাশনাল ভ্যাকসিনেশন ডে' পালিত হল। ১৯৯৫ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার গ্লোবাল পোলিও ইরাডিকেশন ইনিশিয়েটিয়েভের অংশ হিসেবে ভারতে ওরাল পোলিও ভ্যাকসিনের প্রথম ডোজ দেওয়ার বার্ষিকী উপলক্ষ্যে এই দিনটি পালিত হয়।

76. (b) 'Hockey India 7th Annual Awards 2024'-এ মহিলাদের বিভাগে সবিতা পুনিয়া 'প্লেয়ার অফ দ্য ইয়ার-২০২৪'-এ সম্মানিত হয়েছেন। পুরুষদের বিভাগে সম্মানিত হয়েছেন ভারতীয় পুরুষ হকি দলের ক্যাপ্টেন হরমনপ্রীত সিং।

77. (d) ভারতীয় ক্রিকেটার জশপ্রীত বুমরাহকে ফুটওয়্যার কোম্পানি 'Skechers' ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে নিযুক্ত করেছে।

78. (b) 'ওয়ার্ল্ড প্যারা অ্যাথলেটিক্স গ্র্যান্ড প্রিক্স-২০২৫'-এ ভারত ৪৫টি স্বর্ণপদক জিতেছে। এছাড়াও ভারত ৪০টি রৌপ্য পদক এবং ৪৯টি ব্রোঞ্জ পদক জিতেছে।

79. (a) দিল্লি ক্যাপিটালসকে পরাজিত করে মুম্বাই ইন্ডিয়ান্স 'উইমেনস প্রিমিয়ার লিগ-২০২৫' খেতাব জিতেছে। তারা এর পূর্বে ২০২৩ সালে উইমেনস প্রিমিয়ার লিগ বিজয়ী হয়েছিল।

80. (c) ১৮ মার্চ সারা বিশ্বজুড়ে 'গ্লোবাল রিসাইক্লিং ডে' পালিত হল। ২০১৮ সালে প্রথম এই দিনটি পালিত হয়েছিল।

81. (a) সম্প্রতি লোকসভা সচিবালয় এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক 'Sansad Bhasini' নামক কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন বহুভাষিক সংসদীয় কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণের জন্য মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

82. (a) ইসরোর চেয়ারম্যান ভি নারায়ণন, আইআইটি মাদ্রাজে যে নতুন গবেষণা কেন্দ্রের উদ্বোধন করেছে, সেটির নামকরণ করা হয়েছে এস রামাকৃষ্ণানের নামে। তিনি বিক্রম সারাভাই স্পেস সেন্টারের প্রাক্তন ডিরেক্টর ছিলেন।

83. (a) ভারতের প্রথম পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (PPP) ভিত্তিক গ্রিন ওয়েস্ট প্রসেসিং প্ল্যান্ট চালু হবে ইন্দোরে। এটি ইন্দোরের বিচলি হাবসিতে একটি ৫৫ হাজার বর্গফুট প্লটে তৈরি হবে।

84. (d) নরওয়ে সরকার দ্বারা প্রদত্ত ২০২৫ সালের 'হলবার্গ প্রাইজ' -এ বিজয়ী হয়েছেন গায়ত্রী চক্রবর্তী স্পিভাক। তিনি পোস্ট কলোনিয়াল স্টাডিজ এবং নারীবাদী তত্ত্বে তার অনন্য কাজের স্বীকৃতি স্বরূপ এই পুরস্কারে ভূষিত হয়েছেন। তিনি এর পূর্বে ২০১৩ সালে 'পদ্মভূষণ' পুরস্কারে ভূষিত হয়েছেন।

85. (a) হরিয়ানার গোরখপুরে উত্তর ভারতের প্রথম নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট (পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র) স্থাপিত হবে।

86. (a) ১৯-২২ মার্চ ভারত ও ফ্রান্স-এর নৌবাহিনীর মধ্যে নৌমহড়া 'Varuna' অনুষ্ঠিত হল। এই মহড়াটি দুটি পর্যায়ে সংগঠিত হয়েছে। ১৯-২০ মার্চ হারবার ফেজ এবং ২১-২২ মার্চ সী ফেজ-এ সংগঠিত হয়েছে। অ্যাচিভার্স

87. (b) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২৭ জন সাংবাদিককে ১৯তম 'রামনাথ গোয়েঙ্কা এক্সিলেন্স ইন জারনালিজম অ্যাওয়াডর্স' প্রদান করেছেন। ২০০৫ সালে নয়ডায় ইন্ডিয়ান এক্সপ্রেস গ্রুপের প্রতিষ্ঠাতা রামনাথ গোয়েঙ্কার শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই পুরস্কার দেওয়া শুরু হয়।

88. (d) ডেনমার্কের Knight's Cross for Consular Services দ্বারা ভূষিত হয়েছেন সনমার গ্রুপের চেয়ারম্যান বিজয় শঙ্কর। তিনি তাঁর বিশিষ্ট কনস্যুলার পরিষেবার স্বীকৃতি স্বরূপ এই পুরস্কারে ভূষিত হয়েছেন।

89. (b) সম্প্রতি প্রকাশিত 'March to Glory' নামক বইটিতে ভারতের '১৯৭৫ সালের হকি ওয়ার্ল্ড কাপ বিজয়'-এর ব্যাপারে বর্ণনা করা হয়েছে। এই বইটির লেখক হলেন কে আরুমুগম এবং এরল ডি'ক্রুজ। অ্যাচিভার্স

90. (b) সম্প্রতি ভারতীয় অভিনেতা চিরঞ্জিবীকে ব্রিটিশ যুক্তরাজ্য 'লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন পাবলিক সার্ভিস' দ্বারা সম্মানিত করেছে। তিনি এর পূর্বে ২০০৬ সালে 'পদ্মভূষণ' এবং ২০২৪ সালে 'পদ্মবিভূষণ' পুরস্কারে ভূষিত হয়েছেন।

91. (a) সম্প্রতি কিরস্ট্রি লেহ কনভেন্ট্রি 'ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি'র দশম প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন। তিনি প্রথম মহিলা এবং প্রথম আফ্রিকান হিসেবে এই পদের দায়িত্ব পালন করবেন।

92. (c) সম্প্রতি ১৭থ১৯ মার্চ রাইসিনা ডায়লগের ১০তম সংস্করণ দিল্লিতে অনুষ্ঠিত হল। রাইসিনা ডায়লগের ২০২৫ সংস্করণের থিম হল– 'Kalachakra – People, Peace and Planet'। অ্যাচিভার্স

93. (b) ১৯ মার্চ কেরল দেশের প্রথম রাজ্য হিসেবে 'সিনিয়র সিটিজেন্স কমিশন বিল' পাশ করেছে। এই নবগঠিত কমিশনটি রাজ্যে প্রবীণ নাগরিকদের প্রতি অপব্যবহার এবং অবহেলার সমস্যা সমাধানের ব্যাপারে কাজ করবে।

94. (a) সম্প্রতি বলিউড অভিনেতা আয়ুষ্মান খুরানা 'ফিট ইন্ডিয়া আইকন' হিসেবে নির্বাচিত হয়েছেন।

95. (b) ২১ মার্চ নৈতুম্বি নান্ডি নিদাইভা নামিবিয়ার প্রথম মহিলা রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন। তিনি এই পদে নাঙ্গোলো এমবুম্বার স্থলাভিষিক্ত হয়েছেন। অ্যাচিভার্স

96. (d) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড পোয়েট্রি ডে'-এর থিম হল– 'Poetry as a Bridge for Peace and Inclusion'। ২০০০ সালে প্রথম এই দিনটি পালিত হয়েছিল।

97. (b) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ডে অফ ফরেস্টস' পালিত হল। ২০১৩ সালে প্রথম এই দিনটি পালিত হয়েছিল। এই দিবসের এবছরের থিম হল– 'Forest and Foods'।

98. (d) ১৬-২০ মার্চ নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাকসান ভারত সফরে এসেছিলেন। এই সফর চলাকালীন নিউজিল্যান্ড Coalition for Disaster Resilient Infrastructure- এর ৫০তম সদস্য হিসেবে যোগদান করেছে। অ্যাচিভার্স

99. (a) সম্প্রতি সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ টেলিম্যাটিক্স (C-DOT), টেলিকম ও আইটি ক্ষেত্রে স্টার্টআপগুলিকে সহায়তা প্রদানের জন্য 'Samarth' প্রোগ্রাম চালু করেছে। এটি অনলাইন এবং অফলাইন দুটি মোডে সংগঠিত হয়।

100. (c) ২০২৫ সালের 'স্টকহোম ওয়াটার প্রাইজ' বিজয়ী হাইড্রোলজিস্ট গুন্টের ব্লোশেল হলেন অস্ট্রিয়ার বাসিন্দা। তিনি তাঁর বিশ্ববিখ্যাত কাজ যথা– বন্যার ঝুঁকি হ্রাস, জলসম্পদ ব্যবস্থাপনা এবং হাইড্রোলজির আঞ্চলিক প্রক্রিয়া প্রভৃতির জন্য এই পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

★★★